# আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ
## ASHUGANJ POWER STATION COMPANY LTD.
(An Enterprise of Bangladesh Power Development Board)

ISO 9001:2015, ISO: 14001:2015 & ISO 45001:2018 Certified Management System.

সাশ্রয়ী বিদ্যুৎ উৎপাদনে আগামীর নির্ভরতা

স্মারক নং: ২৭.২৫.১২৩৩.০০০.২১১.১১.০০০৩.১৮(এড-১).৪০৯

তারিখঃ ১১ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৫ মে ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ (এপিএসসিএল) বাংলাদেশের অন্যতম বৃহৎ বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান। উক্ত প্রতিষ্ঠানের নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে (http://apscl.teletalk.com.bd ওয়েবসাইট এ) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম, প্রারম্ভিক মূল বেতন ও পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স |
|---|---|---|
| ১ | **সার্ভেয়ার**<br>মূল বেতন: ২০,০০০/-<br>পদের সংখ্যা: ১টি | **শিক্ষাগত যোগ্যতা:** কারিগরী বোর্ড হতে কোন স্বীকৃত সার্ভে ইনস্টিটিউট হতে ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) সনদ থাকা আবশ্যক।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ৩ বছরের অভিজ্ঞতা প্রয়োজন।<br>**বয়স:** ২১ হতে ৩৫ বছর। |
| ২ | **জুনিয়র ফর্ক লিফট অপারেটর**<br>মূল বেতন: ২০,০০০/-<br>পদের সংখ্যা: ১টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>এসএসসি/দাখিল (ভোকেশনাল) এর সংশ্লিষ্ট বিষয়: জেনারেল মেকানিক্স/ফার্ম মেশিনারি/মেশিন টুলস্ অপারেশন/অটোমোটিভ<br>**অভিজ্ঞতা:** ফর্কলিফট চালনার কাজে ২ বছরের অভিজ্ঞতা, ফর্কলিফট চালানোর যোগ্যতা সনদ, প্রযোজ্য ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স সনদ থাকতে হবে।<br>**বয়স:** ২০ হতে ৩৫ বছর। |
| ৩ | **জুনিয়র টেকনিশিয়ান গ্রেড-২**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ১৫টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা সংশ্লিষ্ট বিষয়ে এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>এসএসসি/দাখিল (ভোকেশনাল) এর সংশ্লিষ্ট বিষয়: জেনারেল মেকানিক্স/ফার্ম মেশিনারি/মেশিন টুলস্ অপারেশন/অটোমোটিভ<br>**বয়স:** ১৮ হতে ৩২ বছর। |
| ৪ | **জুনিয়র ওয়েল্ডার গ্রেড-৩**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ৫টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা ওয়েল্ডিং এন্ড ফেব্রিকেশন বিষয়ে এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** সকল ধরনের গ্যাস ওয়েল্ডিং এবং আর্ক অয়েল্ডিং কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ওয়েল্ডিং কাজের জন্য নূন্যতম ৩/৬জি (3/6G) সনদ থাকা আবশ্যক। ওয়েল্ডিং ট্রেডে ভোকেশনাল সনদপ্রাপ্তদের অভিজ্ঞতার প্রয়োজন নাই।<br>**বয়স:** ২০ হতে ৩৫ বছর। |
| ৫ | **জুনিয়র মেসিনিস্ট গ্রেড-৩**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ২টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা সংশ্লিষ্ট বিষয়ে এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>এসএসসি/দাখিল (ভোকেশনাল) এর সংশ্লিষ্ট বিষয়: জেনারেল মেকানিক্স/ফার্ম মেশিনারি/মেশিন টুলস্ অপারেশন/অটোমোটিভ<br>**বয়স:** ১৮ হতে ৩২ বছর। |
| ৬ | **জুনিয়র টার্নার গ্রেড-২**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ২টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা সংশ্লিষ্ট বিষয়ে এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>এসএসসি/দাখিল (ভোকেশনাল) এর সংশ্লিষ্ট বিষয়: জেনারেল মেকানিক্স/ফার্ম মেশিনারি/মেশিন টুলস্ অপারেশন/অটোমোটিভ<br>**বয়স:** ১৮ হতে ৩২ বছর। |
| ৭ | **জুনিয়র মেকানিক গ্রেড-২**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ২টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা সংশ্লিষ্ট বিষয়ে এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>এসএসসি/দাখিল (ভোকেশনাল) এর সংশ্লিষ্ট বিষয়: জেনারেল মেকানিক্স/ফার্ম মেশিনারি/মেশিন টুলস্ অপারেশন/অটোমোটিভ<br>**বয়স:** ১৮ হতে ৩২ বছর। |
| ৮ | **জুনিয়র এসি মেকানিক গ্রেড-২**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ২টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশন বিষয়ে এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>**বয়স:** ১৮ হতে ৩২ বছর। |


**CORPORATE OFFICE**
Navana Rahim Ardent (Level-8)
185, Shahid Syed Nazrul Islam
Sarani, Bijoy Nagar, Dhaka-1000
Phone : +880-02-58317634-5
Fax : +880-02-48310918

**ASHUGANJ POWER STATION COMPANY LTD.**
Ashuganj, Brahmanbaria-3402
Phone : +880-02-334431704
E-mail : apscl@apscl.gov.bd, apscl@apscl.org.bd
Website : www.apscl.gov.bd

| | | |
|---|---|---|
| ৯ | **জুনিয়র ক্রেন অপারেটর গ্রেড-২**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ২টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>এসএসসি/দাখিল (ভোকেশনাল) এর সংশ্লিস্ট বিষয়: জেনারেল মেকানিক্স/ফার্ম মেশিনারি/মেশিন টুলস্ অপারেশনন/অটোমোটিভ<br>**অভিজ্ঞতা:** সংশ্লিস্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা, ক্রেন চালনা করার ট্রেড সনদ থাকা আবশ্যক। **বয়স:** ২০ হতে ৩২ বছর। |
| ১০ | **জুনিয়র ইলেকট্রিশিয়ান গ্রেড-২**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ৮টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা সংশ্লিস্ট বিষয়ে এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>এসএসসি/দাখিল (ভোকেশনাল) এর সংশ্লিস্ট বিষয়: ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস/জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/জেনারেল ইলেকট্রনিক্স<br>**বয়স:** ১৮ হতে ৩২ বছর। |
| ১১ | **জুনিয়র ইন্সট্রুমেন্ট মেকানিক গ্রেড-২**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ৭টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা সংশ্লিস্ট বিষয়ে এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>এসএসসি/দাখিল (ভোকেশনাল) এর সংশ্লিস্ট বিষয়: ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস/জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/জেনারেল ইলেকট্রনিক্স<br>**বয়স:** ১৮ হতে ৩২ বছর। |
| ১২ | **জুনিয়র আর্মেচার উইন্ডার গ্রেড-৩**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ১টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা সংশ্লিস্ট বিষয়ে এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>এসএসসি/দাখিল (ভোকেশনাল) এর সংশ্লিস্ট বিষয়: ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস/জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/জেনারেল ইলেকট্রনিক্স<br>**বয়স:** ১৮ হতে ৩২ বছর। |
| ১৩ | **জুনিয়র ক্যাবল জয়েন্টার গ্রেড-২**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ১টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা সংশ্লিস্ট বিষয়ে এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>এসএসসি/দাখিল (ভোকেশনাল) এর সংশ্লিস্ট বিষয়: ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস/জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস/জেনারেল ইলেকট্রনিক্স<br>**বয়স:** ১৮ হতে ৩২ বছর। |
| ১৪ | **জুনিয়র প্লাম্বার গ্রেড-২**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ১টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা প্লাম্বিং-পাইপ ফিটিং বিষয়ে এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে। **বয়স:** ১৮ হতে ৩২ বছর। |
| ১৫ | **জুনিয়র পেইন্টার গ্রেড-২**<br>মূল বেতন: ১৭,০০০/-<br>পদের সংখ্যা: ২টি | **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/দাখিল (বিজ্ঞান) অথবা এসএসসি/দাখিল (ভোকেশনাল) থাকতে হবে।<br>**অভিজ্ঞতা:** সংশ্লিস্ট কাজে ন্যূনতম ২ বছরের অভিজ্ঞতা প্রয়োজন।<br>**বয়স:** ২০ হতে ৩৫ বছর। |

**ফ্রিঞ্জ বেনিফিট/সুবিধা:**

১. ফ্রিঞ্জ বেনিফিট/সুবিধার মধ্যে রয়েছে মূল বেতন, পাওয়ার স্টেশন ভাতা, নিয়মিত আবাসন (খালি থাকা সাপেক্ষে) বা সংস্থার বিধি অনুসারে বাড়ি ভাড়া ভাতা, দুটি উৎসব ভাতা, নববর্ষ ভাতা, মেডিকেল ভাতা, শিক্ষা ভাতা এবং কোম্পানির বিধি অনুসারে অন্যান্য ফ্রিঞ্জ বেনিফিট প্রাপ্য হবেন।

২. প্রাথমিকভাবে শিক্ষানবিশ (Probationer) হিসাবে নিয়োগপত্র ০১ (এক) বছরের জন্য প্রদান করা হবে এবং শিক্ষানবিশ কালের সন্তোষজনক মূল্যায়নের ভিত্তিতে শিক্ষানবিশ কাল ০১ (এক) বছরসহ ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ নিশ্চিত করা হবে। প্রতি ০৩ (তিন) বছর পর সন্তোষজনক মূল্যায়নের ভিত্তিতে চুক্তি নবায়ন করা হবে। অবসর গ্রহণের বয়স ৬০ (ষাট) বছর।

**শর্তাবলীঃ**

১. বয়সসীমা: ৩০ এপ্রিল ২০২৫ তারিখে প্রার্থীর বয়সসীমা গণনা করা হবে।

২. শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ অথবা সিজিপিএ ৪.০০ এর স্কেলে ন্যূনতম ২.৫০ অথবা সিজিপিএ ৫.০০ এর স্কেলে ন্যূনতম ৩.০০।

৩. নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ১নং হতে ২নং পদের ক্ষেত্রে ১১২/- টাকা এবং ৩নং হতে ১৫নং পদের ক্ষেত্রে ৫৬/- টাকা; তবে অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীদের ক্ষেত্রে উল্লিখিত সকল পদের ক্ষেত্রে ৫৬/-(ছাপান্ন) টেলিটক প্রিপেইড মোবাইল মারফত SMS এর মাধ্যমে জমা প্রদান করবেন।

৪. অনলাইনে আবেদন করার লিংক এপিএসসিএল এর ওয়েবসাইটে http://www.apscl.gov.bd এবং টেলিটক এর ওয়েবসাইটে http://apscl.teletalk.com.bd পাওয়া যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https//alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের **শুরুর তারিখ ও সময়: ২৮ মে, ২০২৫ খ্রি:, সকাল ১০.০০টা এবং শেষ তারিখ ও সময়: ২৫ জুন, ২০২৫ খ্রি:, বিকাল ৫.০০টা।**

৫. কোন সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত/বিদ্যুৎ সেক্টর প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং অনুমোদনের কাগজ মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৬. মুক্তিযোদ্ধা সনদপত্র/ শারীরিক প্রতিবন্ধী সনদপত্রের সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৭. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা/বিধি-বিধান অনুসরণ করা হবে।

৮. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র এবং নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৯. নিয়োগ পরবর্তী পদায়নের ক্ষেত্রে বাংলাদেশের যে কোন স্থানে কাজ করার মানসিকতা থাকতে হবে।

১০. পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১১. যে কোন প্রকার তদবীর/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://apscl.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৮ মে, ২০২৫ খ্রি:, সকাল ১০.০০টা।
ii. Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৫ জুন, ২০২৫ খ্রি:, বিকাল ৫.০০টা ।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy তে যদি কোন ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's Copy তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোড পূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১নং হতে ২নং পদের ক্ষেত্রে ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২ (বারো) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা এবং ৩নং হতে ১৫নং পদের ক্ষেত্রে ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ(ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬ (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা; তবে অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীদের ক্ষেত্রে ০১-১৫ নম্বর ক্রমিকে উল্লিখিত সকল পদের জন্য আবেদন ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/-(ছাপান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS**: APSCL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
***Example:*** **APSCL ABCDEF**
*Reply: Applicant's Name, Tk.112 or 56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type APSCL<Space>Yes<Space>PIN and send to 16222.*

**দ্বিতীয় SMS**: APSCL<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
***Example:*** **APSCL YES 12345678**

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for APSCL Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://apscl.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে** (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. **SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **APSCL<space>Help<space>User<space>User ID** & Send to 16222.
Example: APSCL Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: **APSCL<space>Help<space>PIN<space>PIN No** & Send to 16222.
Example: APSCL Help PIN 12345678 & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও এপিএসসিএল'র নিজস্ব ওয়েবসাইট www.apscl.gov.bd এ বিজ্ঞপ্তিসহ সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

ঞ. নিয়োগ বিজ্ঞপ্তির অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা alljobs.query@teletalk.com.bd বা hrm@apscl.org.bd ইমেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (ইমেইল/মেসেজ এর subject এ Organization এর name: APSCL, Post এর Name:……., Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

<u>প্রার্থীর যোগ্যতা যাচাইঃ</u>

ক. অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

খ. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা/নিয়োগাদেশ (নিয়োগপ্রাপ্ত হলে) বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

গ. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

<u>বিবিধঃ</u>

ক. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য ও নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন (যদি থাকে) এপিএসসিএল'র নিজস্ব ওয়েবসাইট www.apscl.gov.bd এ পাওয়া যাবে।

খ. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

*** অনলাইনে আবেদন এবং টাকা জমা দেয়ার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। শেষ তারিখ (২৫/০৬/২০২৫) ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

এপিএসসিএল'র ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

এপিএসসিএল'র টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

(মোহাম্মদ এনামুল হক)
উপ-মহাব্যবস্থাপক (এইচআর ও প্রশাসন)
যোগাযোগ: email: hrm@apscl.org.bd